

বিবাহিত ও অন্তঃসত্ত্ব ছাত্রীদের হল ছাড়ার নির্দেশ

জবি প্রতিবেদক

২৫ সেপ্টেম্বর ২০২৩, ০৭:০১ পিএম



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) বেগম ফজিলাতুমেছা মুজিব হলের আসন বরাদ্দ পাওয়া বিবাহিত ও অন্তঃসত্ত্ব ছাত্রীদের হল ছেড়ে দেওয়ার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ।

আজ সোমবার হল প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ নির্দেশনা দেওয়া হয়।

ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, হলের আবাসিকতা লাভ ও বসবাসের শর্তাবলি এবং আচরণ ও শৃঙ্খলা সংক্রান্ত বিধিমালা অনুযায়ী বিবাহিত ও গর্ভবতী ছাত্রীরা হলে সিট পাবেন না। তারা অতিদ্রুত হলের সিট ছেড়ে দিবেন। অন্যথায় তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, হলের যেসকল ছাত্রীর মাস্টার্সের রেজাল্ট প্রকাশিত হয়েছে তাদের অতিদ্রুত হল ছাড়তে হবে। কোনো মানোন্নয়ন (মাস্টার্স) পরীক্ষার্থী এমফিল ছাত্রী হলেও থাকতে পারবে না।

এ বিষয়ে ক্ষেত্র প্রকাশ করে চতুর্থ বর্ষের এক ছাত্রী বলেন, ‘আমরা যারা বিবাহিত তারাও তো বিশ্ববিদ্যালয়ের ছাত্রী। তাহলে আমাদের কেনো সিট ছাড়তে হবে। বাইরে থাকার চেয়ে হলে থাকতে পারলে আমরা সিকিউরিটি থাকি। অনেকের হাসবেন্ড তাকার বাইরে থাকে। তাদের ফ্যামিলি ও তাকায় থাকে না। তারা তো হলেই থাকবে।’

হলের প্রভেস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার বলেন, ‘হলের বিধিমালা অনুযায়ী কোনো বিবাহিত ছাত্রী হলে সিটের আবেদন করতে পারবে না। আমরা বিধি অনুযায়ী এই সিদ্ধান্ত নিয়েছি।’

তিনি আরও বলেন, ‘আমাদের বিশ্ববিদ্যালয়ে অনেক ছাত্রী আছেন যাদের বাবা নাই, মা নাই। তারা হলের সিটের জন্য কানাকাটি করেন। তাদের আসলেই হলে সিট প্রয়োজন। সিট পেলে তাদের পড়াশোনা চালিয়ে যাওয়া সুবিধার হবে। কিন্তু অনেকে বিবাহিত মেয়েরা আছে যাদের পরিবারের সামর্থ্য আছে খরচ বহন করার। প্রয়োজনে তারা আমাদের দরখান্ত দিক ষে, হল ছেড়ে বাসা নিতে এক বা দুই মাসের সময় প্রয়োজন। আমরা সেটা কনসিডার করব।’